

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৭টি প্রতিষ্ঠানকে ৫০.০০ হাজার টাকা জরিমানা

১৪ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ও মানিকগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে সার্ভো ফার্মাকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে হোটেল প্রি জ্যান্ট এন্ড রেস্টুরেন্ট, সাব হাব রেস্টুরেন্ট ও ইনভাইট চাইনিস এন্ড থাই রেস্টুরেন্টকে যথাক্রমে ১৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ট্রাস্ট শর্মা হাউসকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে উপভোগ কাবাব ঘরকে ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়।

অপরদিকে মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফারুক আহমেদের নেতৃত্বে মানিকগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ২টি বাজার তদারকিতে ৭টি প্রতিষ্ঠানকে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ১ জন অভিযোগকারীকে মং ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা ও মানিকগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা ও মানিকগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।